

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়
ঢাকা।

ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট

ফোন: ০২৫৫১১০০৬৪, ০২৫৫১১০০৪৩

website: www.janatabank-bd.com

প্রচার বিজ্ঞপ্তি নং-৪০৭/২২

তারিখঃ ২৭ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ
১২ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি অ্যান্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ
লোকাল অফিস/সকল কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়ঃ- জনাব তপন কুমার সেন, সিনিয়র অফিসার (এসও-৯৪৮৯), জনতা ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা, ঢাকা-এর একমাত্র পুত্র জনাব তনয় সেন-এর অগ্নাশয়ের (প্যানক্রাইটিস) বিরল রোগের চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত মানবিক কারণে ব্যাংকের সর্বস্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে ০১(এক) দিনের লাঞ্চ সাবসিডি়ির সমপরিমাণ আর্থিক সহায়তা প্রদান প্রসঙ্গে।


মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড-এর সর্বস্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনতা ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা, ঢাকা-এর সিনিয়র অফিসার জনাব তপন কুমার সেন-এর একমাত্র ছেলে জনাব তনয় সেন অগ্নাশয়ের (প্যানক্রাইটিস) বিরল রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন আছেন। এ রোগের চিকিৎসাবাদ ইতোমধ্যে তার সঞ্চয় ও আত্মীয়-স্বজনের নিকট হতে ধারদেনা করে ৬০.০০(ষাট) লক্ষ টাকা খরচ করেছেন এবং বর্তমান প্রতিমাসে ২৫-৩০ হাজার টাকার ঔষধ প্রয়োজন। ছেলের চিকিৎসাব্যয় নির্বাহ করতে গিয়ে তিনি বর্তমানে ঋণগ্রস্ত ও কপর্দকহীন বিধায় তার পক্ষে চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে আবেদনে উল্লেখ করেছেন। ব্যবহৃত এ চিকিৎসা ব্যয় নির্বাহ করা তার নিজের ও আত্মীয়-স্বজনের আর্থিক সামর্থ্যের বাইরে। ফলে তিনি জনতা ব্যাংক লিমিটেড-এর সর্বস্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

মানুষ মানুষের জন্য; কাজেই এরূপ সংকটময় পরিস্থিতিতে ব্যাংকের বিপুল সংখ্যক সহকর্মীর ক্ষুদ্র মানবিক সাহায্যের দ্বারা উন্নত চিকিৎসায় সুস্থ হয়ে যেতে পারে অগ্নাশয়ের (প্যানক্রাইটিস) বিরল রোগে আক্রান্ত আমাদের একজন সহকর্মীর সন্তান।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের সর্বস্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর নিকট স্বেচ্ছায় এক দিনের লাঞ্চ সাবসিডি জনাব তপন কুমার সেন-এর সঞ্চয়ী হিসাব নং-০১০০০০৬২৭০২৯২, জনতা ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,


মোহাম্মদ আব্দুল আজিজ
উপ-মহাব্যবস্থাপক


মোঃ আনোয়ার হুসাইন
মহাব্যবস্থাপক